



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া
অধ্যক্ষের কার্যালয়।



বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২০/---৩২৬

তারিখ : ১৮/০৮/২০২০

বিষয় : উচ্চ মাধ্যমিক শ্রেণির (শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯, এইচএসসি পরীক্ষার্থী-২০২০) উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের (যাদের বিকাশ হিসাব এখনও খোলা হয়নি) বিকাশ হিসাব খোলা প্রসঙ্গে।

এতদ্বারা অত্র কলেজের উচ্চ মাধ্যমিক শ্রেণির (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯, এইচএসসি পরীক্ষার্থী-২০২০) শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে, যে সকল শিক্ষার্থী বারবার নোটিশ প্রদান এবং ব্যক্তিগত মোবাইল নম্বরে যোগাযোগ করা সত্ত্বেও (অনেকের মোবাইল নম্বর বন্ধ পাওয়া যাচ্ছে) নির্ধারিত সময়ে বিকাশ হিসাব খুলতে সক্ষম হয়নি, তাদের উপবৃত্তি প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজ ক্যাম্পাসে বিকাশ হিসাব খোলা হবে। উক্ত রূপ শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় কাগজপত্রাদি এবং অভিভাবকসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। কোন শিক্ষার্থী বিকাশ হিসাব খুলতে ব্যর্থ হলে উপবৃত্তি সংক্রান্ত জটিলতায় কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী তার প্রতিষ্ঠান যে উপজেলায় অবস্থিত সেই উপজেলায় অবস্থান না করে অন্য উপজেলায় অবস্থান করছে এবং যাদের পক্ষে কলেজ ক্যাম্পাসে এসে বিকাশ হিসাব খোলা সম্ভব হচ্ছে না, তাদেরকে সেই উপজেলার (বর্তমান অবস্থানরত) মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করে বিকাশ হিসাব খোলা সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করার জন্য বলা হলো। এ সংক্রান্ত আদেশটি (*স্মারক নং এসইডিপি/এইচএসসি/উমাউ/৩৯/২০২০/২৩৯(৪৮২), তারিখ: ১৯/০৭/২০২০ খ্রি. সমন্বিত উপবৃত্তি কর্মসূচি সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম মাউশি) অত্র কলেজের ওয়েব সাইটে পাওয়া যাবে।


** সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ও মাস্ক পরিধান করে কার্য সম্পাদন করার জন্য বলা হলো।

গ্রুপ/বিভাগ	তারিখ ও বার	সময়	কক্ষ নং
মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগের শিক্ষার্থী (যাদের বিকাশ হিসাব এখনও খোলা হয়নি)	২২/০৮/২০২০, শনিবার	সকাল ১০.০০ হতে বিকেল ৩.০০টা	১১৯, ১২০

প্রয়োজনীয় তথ্যাদি :


- ১। বিকাশ একাউন্ট খোলা নেই এমন একটি মোবাইল নাম্বার।
- ২। একটি মোবাইল হ্যান্ডসেট।
- ৩। শিক্ষার্থীর কলেজ পরিচয় পত্র।
- ৪। অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ও জাতীয় পরিচয় পত্রের স্পষ্ট ফটোকপি এক কপি।
- ৫। শিক্ষার্থী এবং অভিভাবকের সশরীরে উপস্থিতি।
- ৬। অভিভাবকের পাসপোর্ট সাইজ রঙিন ছবি এক কপি।
- ৭। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজ রঙিন ছবি এক কপি।

প্রতিস্বাক্ষর


২০/০৮/২০২০
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।


২৮/০৮/২০২০

(মোহাম্মদ আব্দুল জলিল)

সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

ও

আহ্বায়ক

একাদশ শ্রেণির উপবৃত্তি ব্যবস্থাপনা কমিটি-২০২০

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।